

পত্র নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০২৫.১৯-৪১৮


তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০  
১৭ এপ্রিল ২০২৩

**বিষয়ঃ সাম্প্রতিক অগ্নি দুর্ঘটনাসমূহ পর্যালোচনাসহ জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট সমসাময়িক বিষয়ে জরুরিভিত্তিতে কার্যকর  
পদক্ষেপ গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক অগ্নি দুর্ঘটনাসমূহ পর্যালোচনাসহ জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট সমসাময়িক বিষয়ে অদ্য ১৭ এপ্রিল ২০২৩ তারিখ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত সভায় প্রদত্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ গ্রহণের অনুরোধ করা হলো:

- (১) সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় অবস্থিত মার্কেটসমূহে সংশ্লিষ্ট মার্কেট ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধানে দিনে ও রাতে স্ব স্ব নিরাপত্তা ব্যবস্থা জোরদার/নিশ্চিত করতে হবে;
- (২) যে সকল মার্কেটে সিসি ক্যামেরা বিদ্যমান রয়েছে তা সচল রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং যে সকল মার্কেটে সিসি ক্যামেরা নেই সেখানে সিসি ক্যামেরা লাগানো নিশ্চিত করতে হবে। সিসি ক্যামেরার তথ্য সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে প্রয়োজনে শেয়ার করতে হবে;
- (৩) যে সকল মার্কেটে জায়গার অপ্রতুলতা রয়েছে কিন্তু লোকসমাগম বেশি হয় সে সকল মার্কেটে অগ্নি প্রতিরোধে Smoke Detector লাগানোর উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (৪) মার্কেটসমূহের বিদ্যুৎ ও গ্যাসসহ অন্যান্য ইউটিলিটি সংযোগ সঠিক ও নিরাপদ আছে কী না তা যাচাই করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সার্টিফিকেশন নিশ্চিত করতে হবে;
- (৫) যে সকল মার্কেটের দোকান/গোড়াউনে রাসায়নিক দ্রব্য ও দাহ্য পদার্থ রয়েছে অথবা রাসায়নিক দ্রব্যের কারখানা রয়েছে সেগুলো দ্রুত অন্যত্র নিরাপদ স্থানে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৬) সকল মার্কেটে পর্যাপ্ত অগ্নি নির্বাপন যন্ত্র (Fire Extinguisher) সচল রাখতে হবে এবং পর্যাপ্ত ওয়াটার/ফায়ার হাইচেল্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) মার্কেটসমূহে পর্যাপ্ত আলো বাতাসের চলাচল নিশ্চিত রাখতে হবে। যে সকল মার্কেটে কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা (Central Air Condition System) বা শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (Air Cooler) বিদ্যমান আছে তা যাতে পর্যাপ্ত, কার্যকর ও সচল থাকে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৮) প্রত্যেক স্টেড জামায়াতে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে;
- (৯) স্টেডের সময় সাধারণ মানুষ যাতে নির্বিশেষে যাতায়াত করতে পারেন সে জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভার মালিকানাধীন/ব্যবস্থাপনাধীন সড়কসমূহ প্রয়োজনীয় মেরামত/সংস্কার করে যাতায়াত ব্যবস্থা সচল রাখতে হবে।

০২। উপরে বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল সিটি কর্পোরেশন ও পৌরসভাকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো। নির্দেশনাসমূহ বাস্তবায়নে গৃহীত সুনির্দিষ্ট পদক্ষেপ/কার্যপদ্ধতি এ বিভাগকে অবিলম্বে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

  
 (মোহাম্মদ শাহিদুল ইসলাম)  
 উপসচিব  
 ফোন: ০২-২২৩৩৫৩৬২৫  
 মুস্তাফাফোন: ০১৭১৬-৮২৬১২০  
 ইমেইল: lgcc1@lgd.gov.bd

১। প্রধান নির্বাহী কর্মকর্তা

..... সিটি কর্পোরেশন (সকল)।

২। মেয়র

..... পৌরসভা (সকল)।

অনুলিপি-আভার্সে/কার্যালয়ে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/শিল্প মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
- ৬। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ৭। মহাপরিচালক, র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সফারেশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা।
- ১০। মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১। মেয়রের একান্ত সচিব,..... সিটি কর্পোরেশন (সকল) (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি।